

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৫৭-আইন/২০১৬/১৯/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, -

- (ক) বিযুক্ত অবস্থায় বডি ব্যতীত Human Hauler (passenger carrier) আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্য ভিত্তিক ১৫%; এবং
- (খ) বডি ব্যতীত Human Hauler (passenger carrier) আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্য ভিত্তিক ২৫%-

এর অতিরিক্ত হয় সেই পরিমাণ আমদানি শুল্ক, সমুদয় রেগুলেটরি ডিউটি, অগ্রিম মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :-

শর্ত

- (ক) আমদানিকারক প্রতিষ্ঠানকে Human Hauler প্রস্তুতকারী/সংযোজনকারী/বডি সংযোজনকারী হিসেবে মূসক নিবন্ধিত হইতে হইবে।
- (খ) Human Hauler ঘোষণায় আমদানিকৃত যানবাহন পরবর্তীতে Human Hauler হিসাবে BRTA হইতে রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।
- (গ) আমদানিকারককে যানটি Human Hauler হিসাবে যাত্রী পরিবহন ব্যতীত অন্য কোন বাহন হিসাবে ব্যবহার করা হইবে না মর্মে আমদানি পর্যায়ে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবর যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প

একটি অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে। পরবর্তীতে Human Hauler হিসেবে BRTA হইতে রেজিস্ট্রেশন গ্রহণ সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন সাপেক্ষে অঙ্গীকারনামাটি ফেরতযোগ্য হইবে।

- (ঘ) কোন আমদানিকারক এই প্রজ্ঞাপনে প্রদত্ত রেয়াতি সুবিধার অপব্যবহার করিয়াছেন বা করিতেছেন মর্মে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট অথবা মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর হইতে সুনির্দিষ্ট প্রমাণক অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ উক্ত অভিযোগের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত আমদানিকারকগণকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা প্রদান স্থগিত রাখিবেন।
- (ঙ) দফা (ঘ) তে বর্ণিত অভিযোগ চূড়ান্তভাবে প্রতিষ্ঠিত হইলে অপব্যবহারজনিত অপরাধের কারণে রেয়াতের সহিত সাথে সংশ্লিষ্ট শুল্ক ও কর আদায় ছাড়াও Customs Act, 1969 এর section 156 এর sub-section (1) এর Table এর item 10A এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।
- (চ) সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ এই সংক্রান্ত আমদানি দলিলাদিতে “পণ্যটি Human Hauler হিসেবে আমদানিকৃত ও শুল্কায়নকৃত” মর্মে সিল প্রদান করিবেন।

ব্যাখ্যা।- এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে-

(ক) “বিযুক্ত অবস্থায়” অর্থ ইঞ্জিনের সহিত গিয়ার বক্স এবং কেবিনের সহিত চেসিস সংযুক্ত অবস্থায় এবং অন্যান্য সকল অংশ বিযুক্ত অবস্থায় থাকা;

(খ) “বডি” অর্থ চেসিসের উপর যাত্রী পরিবহন উপযোগী কাঠামো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব।